**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/11/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ওয়েস্টচেস্টার কাউন্টিতে স মিল রিভার পার্কওয়ের 38 মিলিয়ন মার্কিন ডলার ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

***প্লিজেন্টভিলে এক্সিট 26 এবং 28 এর মধ্যকার নতুন দুইটি ব্রিজ চরম আবহাওয়া ঘটনার বিরুদ্ধে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ওয়েস্টচেস্টার কাউন্টির প্লিজেন্টভিল গ্রামে স মিল রিভারের উপরে স মিল রিভার পার্কওয়ে (Saw Mill River Parkway) বহনকারী দুইটি নতুন ব্রিজের কাজ শেষ হয়েছে। পার্কওয়ের এক্সিট 26 এবং 28 এর মধ্যে অবস্থিত নতুন ব্রিজগুলি এবং কাঠামো দুইটির সংলগ্ন একটি নতুনভাবে স্থিতিশীল করা 1.3 মাইল বিস্তৃতির রোডবেড গভর্নর মারিও এম কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge) এবং নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে (New York State Thruway) অ্যাক্সেস প্রদানকারী, ভারি বৃষ্টিপাতের সময় বন্যা প্রবণ একটি অত্যাবশ্যকীয় কমিউটার আর্টারির নিরাপত্তা উন্নত করবে এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে। আনুমানিক 38 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের এই কাজটি চরম আবহাওয়ার ঘটনা আরো ভালো সহ্য করতে এবং ব্যস্ত করিডোরজুড়ে যাতায়াত উন্নত করার জন্য লোয়ার ওয়েস্টচেস্টার কাউন্টির একাধিক ব্রিজ প্রতিস্থাপন বা সংস্কার করার একটি চলমান 115 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্পের অংশ।

"ওয়েস্টচেস্টার কাউন্টির যাত্রীরা বড় বৃষ্টিপাতসহ ঝড়ের সময়কার স মিল রিভার পার্কওয়ের বন্যা ও সংশ্লিষ্ট যাতায়াতের পীড়ার ইতিহাসের সাথে খুব ভালোভাবে পরিচিত," **গভর্নর হোকল বলেন।** "এই দুইটি নতুন ব্রিজের কাজ শেষ করার মাধ্যমে আমরা স মিলের ইতিহাসের একটি নতুন অধ্যায় লিখছি, একে চরম আবহাওয়ায় আরো স্থিতিস্থাপক করছি এবং আগামী অনেক দশকের জন্য এই অত্যাবশ্যকীয় যাত্রা আর্টারিকে বলীয়ান করছি।"

2020 সালের গ্রীষ্মকালে শুরু হওয়া প্রকল্পটি 1930 সালে নির্মিত দুইটি ব্রিজকে আধুনিক, একক স্প্যানের, স্টিল গার্ডার ব্রিজ দ্বারা প্রতিস্থাপিত করেছে যা মূল কাঠামোর থেকে বেশ কয়েক ফুট উঁচু এবং বন্যা সহ্য করতে আরো বেশি সক্ষম। বসে যাওয়ার প্রবণতাসহ সংলগ্ন রোডওয়েটিকে আরো নিরেট মাটির স্তরে প্রায় 5000 কাঠের স্তূপ গেঁথে দিয়ে স্থিতিশীল করা হয়েছে। প্রবাহিত ঝড়ের পানির জায়গা দেওয়ার জন্য নতুন, উচ্চ ধারণক্ষমতার ড্রেনেজ ব্যবস্থাও যোগ করা হয়েছে। নির্মাণকাজ চলাকালে মূল ব্রিজের অ্যাসফাল্ট রিসাইকেল করে নতুন ব্রিজের রোড

ডেকের জন্য ব্যবহার করা হয়েছে এবং সৌন্দর্যবর্ধন ও ল্যান্ডস্কেপ রক্ষা করার জন্য স্থানীয় উদ্ভিদের প্রজাতি রোপণ করা হয়েছে।

বৃহত্তর লোয়ার ওয়েস্টচেস্টার ব্রিজ বান্ডলের (Lower Westchester Bridge Bundle) অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) এছাড়াও হাচিনসন রিভার পার্কওয়ে (Hutchinson River Parkway) এবং পেলহ্যাম গ্রামের হাচিনসন রিভার এবং মাউন্ট ভার্নন সিটির উপরের ইস্ট লিঙ্কন অ্যাভিনিউ (East Lincoln Avenue) ব্রিজ প্রতিস্থাপিত করেছে এবং মামারোনেকে মামারোনেক রিভারের উপর মার্কিন রুট 1 (U.S. Route 1) ব্রিজ প্রতিস্থাপনের কাজ প্রক্রিয়াধীন রেখেছে। বন্যা প্রবণ রোডওয়েগুলির ড্রেনেজ উন্নয়ন ও পুনর্নির্মাণের উদ্দেশ্যে গৃহীত এই প্রকল্পসমূহ নিরাপত্তা উন্নত করবে এবং ঝড়ের ঘটনায় অঞ্চলের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে।সামগ্রিক প্রকল্পটির কাজ 2023 সালের শেষের দিকে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "একটি সম্প্রদায়ে অবকাঠামো যেই অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান হুমকির মোকাবেলা আরো ভালোভাবে করার জন্য আগের থেকে ভালো পুনর্গঠন কতটা গুরুত্বপূর্ণ, গভর্নর হোকল তা বুঝেন। ওয়েস্টচেস্টার কাউন্টির এই বিনিয়োগের মতো কৌশলী বিনিয়োগ দ্বারা আমাদের পরিবহন নেটওয়ার্কের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার মাধ্যমে আমরা চরম আবহাওয়ার প্রভাব নির্বিশেষে মানুষ ও পণ্যের চলাচল অবাধ রাখতে সাহায্য করতে পারবো।"

**স্টেটের সিনেটর জামাল বেইলি বলেন,** "সমৃদ্ধশালী সম্প্রদায় গঠন করার জন্য স্থিতিস্থাপক পরিবহন নেটওয়ার্ক অতি গুরুত্বপূর্ণ। স মিল রিভার পার্কওয়ের ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের কাজ শেষ হওয়া ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য একটি মাইলফলক। ওয়েস্টচেস্টারজুড়ে চলমান ব্রিজ সংস্কার প্রকল্পগুলির পাশাপাশি এই প্রকল্পটি যাত্রীদের দীর্ঘদিন ধরে জর্জরিত করে রাখা কয়েক দশকের বন্যা ও ড্রেনেজ সমস্যা সমাধানে সাহায্য করবে এবং আমাদের পরিবহন অবকাঠামোকে উন্নত স্থিতিস্থাপকতা ও যাত্রীদের জন্য নিরাপত্তার একটি নতুন যুগে নিয়ে আসতে সাহায্য করবে। এই প্রকল্প সফলভাবে সম্পূর্ণ হওয়ার ক্ষেত্রে গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ, এবং আমাদের স্টেট ও কাউন্টি অংশীদারদের নিবেদনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

**স্টেটের সিনেটর শেলি মায়ার বলেন,** "স মিল রিভার পার্কওয়েতে গভর্নরের ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের কাজ শেষ হওয়ার আজকের ঘোষণা শুনে এবং মামারোনেক গ্রামে আমার জেলার মার্কিন রুট 1 এর হালনাগাদ কাজ যে এখন চলছে তার জন্য আমি আনন্দিত। আমাদের সকল সম্প্রদায়ের শীর্ষ অগ্রাধিকার হলো নিরাপত্তা ও বন্যা স্থিতিস্থাপকতা এবং বর্ধিষ্ণু বন্যার বাস্তব সমস্যার মোকাবেলা করার জন্য আমাদের ব্রিজ ও রোডওয়েগুলি হালনাগাদ করা প্রয়োজন। ওয়েস্টচেস্টারজুড়ে, যেখানে রোডওয়েতে বন্যা একটি স্থায়ী সমস্যা হয়ে আছে, এইসব উন্নয়নকাজে বিনিয়োগ করার জন্য আমি গভর্নর হোকল এবং পরিবহন বিভাগের প্রশংসা করছি। এইসব প্রকল্পে কাজ করা নিউ ইয়র্ক পরিবহন বিভাগের কমিশনার ও সকল কর্মীকে আমি ওয়েস্টচেস্টার ও নিউ ইয়র্ক স্টেটের মানুষের জন্য এই ব্রিজগুলির নিরাপত্তা ও স্থিতিস্থাপকতা নিশ্চিত করার ক্ষেত্রে তাদের প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

**অ্যাসেম্বলি সদস্য ম্যারিজেন সিমস্কি বলেন,** "ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের কাজ শেষ হওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট স মিল রিভার পার্কওয়ের একটি ঐতিহাসিকভাবে বন্যা প্রবণ বিস্তৃতির উন্নয়ন করেছে, যাতে প্লিজেন্টভিলের মানুষ ও এই এলাকার মধ্যে দিয়ে যাত্রা করা সকল মানুষকে সাহায্য করা যায়। যারা এই পার্কওয়ে ব্যবহার করে এবং এলাকার বাসিন্দাদের সকলের জন্য এই নির্মাণকাজ দীর্ঘ ও কঠিন ছিলো, কিন্তু নতুন ব্রিজগুলি ও নতুনভাবে স্থিতিশীল করা রাস্তার পৃষ্ঠতল তাদের জীবন উন্নত করবে। আমাদের অবকাঠামোকে জলবায়ু স্থিতিস্থাপক ও পরিবেশগতভাবে অটুট করে পুনর্গঠন করার জন্য আমাদেরকে যেই ধরনের বিনিয়োগ অব্যাহত রাখতেই হবে তার একটি দারুণ উদাহরণ হলো এই প্রকল্পটি। আমার জেলায় এবং আমাদের পুরো অঞ্চলে বয়িষ্ণু অবকাঠামো হালনাগাদকরণে তাদের প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলের প্রশাসন ও পরিবহন বিভাগের প্রশংসা করছি।"

**অ্যাসেম্বলি সদস্য জে. গ্যারি প্রেটলো বলেন,** "সকলের জীবনযাত্রার মান উন্নত করার জন্য গভর্নর হোকল আমাদের স্টেটের অতি গুরুত্বপূর্ণ এলাকার অবকাঠামোর উন্নয়ন অব্যাহত রেখেছেন। 89তম অ্যাসেম্বলি জেলার (Assembly district, A.D.) বাসিন্দারা বিভিন্ন কারণে স মিল রিভার পার্কওয়ে ব্যবহার করে। আমি খুশি যে দুইটি নতুন ব্রিজের কাজ শেষ করার মাধ্যমে তাদের এবং সকল নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা উন্নত করা হয়েছে। 89তম A.D. আমাদের জেলায়, ওয়েস্টচেস্টারে, এবং স্টেটে হওয়া কাজের প্রশংসা করছে, এবং আমরা সকলেই এই বছর আরো উন্নয়নকাজ দেখতে উন্মুখ।"

মোটরচালকদের ওয়ার্ক জোনে ধীর গতিতে এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর আহ্বান জানানো হয়েছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। কোনো ওয়ার্ক জোনে দুই বা ততোধিক বার মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য দোষী সাব্যস্ত হওয়া একজন ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করা হতে পারে।

হালনাগাদকৃত ভ্রমণের তথ্যের জন্য কল করুন 511 নম্বরে, www.511NY.org এ যান অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন। টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং @NYSDOTHV। ফেসবুকে NYSDOT খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন